

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

মিরপুর-২, ঢাকা-১২১৬।


দক্ষ জনশক্তি দেশের সম্পদ, দক্ষতা নিজের সম্পদ

সম্পূর্ণ বিনা খরচে মোটর ড্রাইভিং উইথ

বেসিক মেইনটেন্যান্স কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জনশক্তি, কর্মস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর-২, ঢাকায় SEIP প্রকল্পের আওতায় দেশে বিদেশে শিক্ষিত ও দক্ষ পেশাদার ড্রাইভারের চাহিদা পূরণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নায়ী প্রকল্পের অর্থায়নে আগামী ০২

মে ২০১৯ তারিখ হতে অত্র কেন্দ্রে মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স প্রশিক্ষণ শুরু হবে। প্রশিক্ষণ ৯ম ব্যাচ সকাল ৮:৩০ হতে ১:০০ টা এবং ১০ম ব্যাচ ২:১৫ হতে ৬:৪৫ টা পর্যন্ত চলবে। শুধুমাত্র ড্রাইভিং পেশায় আগ্রহীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক প্রার্থীর বয়স অনূর্ধ্ব ২০ হতে ৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতা : জেএসসি/৮ম শ্রেণি পাশ। জাতীয় পরিচয়পত্রের কপি জমা দিতে হবে। মহিলা ও দরিদ্র, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী অগ্রাধিকার পাবে। সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদপত্র জমা দিতে হবে। আবেদন জমা ২৫/০৪/২০১৯ তারিখ বেলা ২:০০ টা পর্যন্ত, ভর্তি পরীক্ষা ২৮/০৪/২০১৯ তারিখ সকাল ১০.০০ টায়, ফলাফল প্রকাশ ৩০/০৪/২০১৯ তারিখ সকাল ১১:০০ টায়, ভর্তি ০২/০৫/২০১৯, ক্লাস শুরু ০২/০৫/২০১৯ তারিখ। আবেদন পত্রের সহিত শিক্ষাগত যোগ্যতার ৮ম শ্রেণি/JSC জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ এবং পাসপোর্ট সাইজের ১ কপি ছবি স্ক্যান করে স্ক্যানকপিসহ www.bgffc.gov.bd এই ওয়েব সাইটে On Line এ ভর্তির জন্য আবেদন করতে হবে।



রীনা আখতার জাহান

অধ্যক্ষ